

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জোনাল সেটেলমেন্ট অফিস, ঢাকা
২৮ শহীদ তাজউদ্দিন আহমেদ সরণি, তেজগাঁও, ঢাকা,
১২০৮।

জোনাল সেটেলমেন্ট অফিসার-এর দপ্তর
www.zsodhaka.gov.bd

স্মারক নম্বর: ৩১.০৩.২৬০০.৫১০.১১.০০৪.১৮.১০

তারিখ: ২২ কার্তিক ১৪২৫

০৬ নভেম্বর ২০১৮

বিষয়: বিষয়ঃ আউটসোর্সিং এর মাধ্যমে জনবল নিয়োগ কার্যক্রম বাতিল ঘোষণা।

- সূত্র: (১) সিপিটিইউ এর স্মারক নং ২১.০০.০০০০.৩৬৩.২৭.০২৯.১৮- ১৩২ তারিখঃ ২২/০৫/২০১৮ খ্রিঃ।
(২) এ অফিসের দরপত্র মূল্যায়ন কমিটির স্মারক নং ৩১.০৩.২৬০০.০২২.১৬.০০২.১৮-১৮ তারিখঃ ০৬ জুন ২০১৮ খ্রিঃ।
(৩) ভূরেজ অধিদপ্তরের স্মারক নং ৩১.০৩.০০০০.২০৫.১৮.০১১.১৮.৯১৯; তারিখঃ ২৫ অক্টোবর ২০১৮।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, জোনাল সেটেলমেন্ট অফিস, ঢাকা এর আওতাধীন সদর অফিস এবং উপজেলা সেটেলমেন্ট অফিস সমূহে আউটসোর্সিং পদ্ধতিতে অফিস সহায়ক (এমএলএসএস) সরবরাহ করার নিমিত্ত গত ৬/১২/২০১৭ খ্রি: তারিখ দরপত্র আহ্বান করা হয়। এবং সে মোতাবেক দরপত্র পাওয়া যায়।

২। পরবর্তীতে দরপত্র মূল্যায়ন কমিটির প্রতিবেদন পর্যালোচনায় দাখিলকৃত দরপত্রসমূহ পাবলিক প্রকিউরমেন্ট আইন (পিপিএ) এর সাথে অসামঞ্জস্যপূর্ণ হয়েছে মর্মে কমিটির নিকট প্রতীয়মান হওয়ায় কোন দরদাতা প্রতিষ্ঠানকে কার্যাদেশ না দেওয়ার সুপারিশ করা হয় এবং গত ১৯/০৩/২০১৮ খ্রিঃ তারিখের ৩১.০৩.২৬০০.০২২.৩১.০১৪.১৮- ৪২(৪) নং স্মারকে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৩৩(২) বিধি মোতাবেক দরপত্রটি বাতিল করা হয় এবং পরবর্তীতে পুনঃটেন্ডার আহ্বান করা হবে মর্মে সংশ্লিষ্টদের জানিয়ে হয়।

৩। অপরদিকে সিপিটিইউ হতে প্রাপ্ত সূত্রস্থিত ১ নং স্মারকে বর্ণিত পত্রের নির্দেশনামতে প্রাপ্ত দরপত্রসমূহ পুনঃমূল্যায়নের আদেশের পরিপ্রেক্ষিতে দরপত্র মূল্যায়ন কমিটির মাধ্যমে পুনঃরায় প্রাপ্ত দরপত্রসমূহ পুনঃমূল্যায়ন করা হয়। পুনঃমূল্যায়নের সিদ্ধান্ত বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়।

৪। দরপত্র দাখিলের পর ইতোমধ্যে প্রায় ১ বছর সময় অতিক্রান্ত হয়েছে এবং বর্তমানে এ অফিস এবং এ অফিসের আওতাধীন উপজেলা সেটেলমেন্ট অফিসসমূহে জরিপের তেমন কোন উল্লেখযোগ্য কার্যক্রম এবং কর্মসূচী না থাকায় জনবলের প্রয়োজনীয়তা নেই মর্মে পরিগণিত।

৫। এমতাবস্থায়, সূত্রস্থিত ৩ নং স্মারকে বর্ণিত পত্রের নির্দেশনামতে ইতোমধ্যে প্রায় ১ বছর সময় অতিক্রান্ত হয়েছে এবং বর্তমানে এ অফিস এবং এ অফিসের আওতাধীন উপজেলা সেটেলমেন্ট অফিসসমূহে জরিপের তেমন কোন উল্লেখযোগ্য কার্যক্রম এবং কর্মসূচী না থাকায় জনবলের প্রয়োজনীয়তা নেই মর্মে পরিগণিত হওয়ায় পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৩৩ (২) বিধি এবং দরপত্র বিজ্ঞপ্তির ২০ (ছ) অনুচ্ছেদে বর্ণিত ক্ষমতাবলে মোতাবেক আউটসোর্সিং এর মাধ্যমে জনবল নিয়োগ কার্যক্রম সংক্রান্ত দরপত্রটি এতদ্বারা বাতিল করা হলো। পরবর্তীতে জনবলের প্রয়োজনীয়তা সাপেক্ষে জনবল নিয়োগের জন্য পুনঃ দরপত্র আহ্বান করা হবে।

৬-১১-২০১৮

মোঃ মোমিনুর রশীদ
জোনাল সেটেলমেন্ট অফিসার


প্রোপাইটার, মেসার্স এইচ আর সিকিউরিটি সার্ভিস প্রা: লি.,
২৭২/খ/৩-ডি, পশ্চিম আগারগাও, শেরেবাংলা নগর ঢাকা,
১২০৭।

স্মারক নম্বর: ৩১.০৩.২৬০০.৫১০.১১.০০৪.১৮.১০/১

তারিখ: ২২ কার্তিক ১৪২৫
০৬ নভেম্বর ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর
- ২) মহাপরিচালক, মহাপরিচালক (সিপিটিইউ), বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
- ৩) আইসিটি কর্মকর্তা, এ অফিস।, জোনাল সেটেলমেন্ট অফিস, ঢাকা এর ওয়েব সাইটে প্রকাশ নিশ্চিত করবেন।
- ৪)
- ৫) নোটিশ বোর্ড,, এ অফিস
- ৬) অফিস কপি, এ অফিস



৬-১১-২০১৮

মোঃ মোমিনুর রশীদ
জোনাল সেটেলমেন্ট অফিসার